

১৫ আগস্ট জাতীয় শোক দিবসে


জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহিদ সদস্যদের প্রতি

বিনম্র শ্রদ্ধা

আগষ্ট মাস আমাদের দীর্ঘশ্বাস, অপূরণীয় ও অপরিমেয় শূন্যতার মাস। এই মাসে আমরা হারিয়েছি আমাদের স্বাধীনতার মহান রূপকার, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে যার দূরদর্শী ও বলিষ্ঠ নেতৃত্বে বাঙালি জাতি পরাধীনতার শৃঙ্খল ভেঙ্গে ছিনিয়ে এনেছিলো আমাদের মহান স্বাধীনতা। আমরা হারিয়েছি বঙ্গবন্ধুর সহধর্মিণী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব, তিন পুত্র ক্যাপ্টেন শেখ কামাল, লেফটেন্যান্ট শেখ জামাল ও শিশুপুত্র শেখ রাসেল, পুত্রবধূ সুলতানা কামাল ও রোজী জামাল, বঙ্গবন্ধুর সহোদর শেখ আবু নাসের ও ভাগ্নে যুবনেতা শেখ ফজলুল হক মণিসহ পরিবারের ১৮ জন সদস্যকে।

আজ ১৫ আগষ্ট জাতীয় শোক দিবসে অন্তরের অন্তস্থল থেকে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শাহাদাত বরণকারী সবার প্রতি বিনম্র শ্রদ্ধা ও পরম করুণাময় এর নিকট তাঁদের রুহের মাগফিরাত কামনা করি। পরম করুণাময় বঙ্গবন্ধুর আদর্শের সোনার বাংলা বিনির্মাণে আমাদের সবার সহায় হোন এ প্রার্থনা করি।

বাংলাদেশ চিরজীবী হোক। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।



পরিচালক

শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়